# সুনান আদ-দারাকুতনী

## হাদিস নাম্বারঃ ১৫৩১

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮৩. বসে নামায পড়া অপেক্ষা দাঁড়িয়ে নামায পড়ার ফযীলাত বেশি এবং বসে নামায আদায়কারীর পিছনে সুস্থ ব্যক্তির নামায পড়া

بَابُ فَضْلِ صَلَاةِ الْقَائِمِ عَلَى صَلَاةِ الْقَاعِدِ، وَكَيْفِيَّةِ صَلَاةِ الصَّحِيحِ خَلْفَ الْجَالِسِ

---

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، ثَنَا أَبُو أَحْمَدَ مُحَمَّدُ بْنُ عَبْدِ الْوَهَّابِ النَّيْسَابُورِيُّ ، ثَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ ، ثَنَا الْأَعْمَشُ عَنْ أَبِي سُفْيَانَ عَنْ جَابِرٍ قَالَ صُرِعَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - مِنْ ظَهْرِ فَرَسِهِ بِالْمَدِينَةِ عَلَى جِذْعِ نَخْلَةٍ فَانْفَكَّتْ قَدَمُهُ فَقَعَدَ فِي بَيْتٍ لِعَائِشَةَ فَأَتَيْنَاهُ نَعُودُهُ فَوَجَدْنَاهُ يُصَلِّي قَاعِدًا تَطَوُّعًا ، فَقُمْنَا خَلْفَهُ ثُمَّ أَتَيْنَاهُ يُصَلِّي صَلَاةً مَكْتُوبَةً فَقُمْنَا خَلْفَهُ فَأَوْمَأَ إِلَيْنَا فَقَعَدْنَا ، فَلَمَّا قَضَى الصَّلَاةَ قَالَ : " ائْتَمُّوا بِالْإِمَامِ مَا صَلَّى قَاعِدًا فَصَلُّوا قُعُودًا ، وَإِنْ صَلَّى قَائِمًا فَصَلُّوا قِيَامًا وَلَا تَفْعَلُوا كَمَا تَفْعَلُ فَارِسُ لِعُظَمَائِهَا

বাংলা

১৫৩১(২). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... জাবের (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় ঘোড়ার পিঠ থেকে খেজুর গাছের কাণ্ডের উপর পতিত হলে তাঁর পা মচকে যায়। তিনি আয়েশা (রাঃ)-এর এক ঘরে বসলেন। আমরা তাঁকে দেখতে তাঁর নিকট এলাম। আমরা তাঁকে বসা অবস্থায় নফল নামায আদায়রত পেলাম। আমরাও তাঁর পিছনে নামাযে দাঁড়িয়ে গেলাম। তারপর আমরা (পুনরায়) তার নিকট এলাম, তখন তিনি (বসা অবস্থায়) ফরয নামায পড়ছিলেন। আমরা তার পিছনে দাঁড়ালাম। তিনি আমাদের দিকে ইশারা করলে আমরাও বসে গেলাম। নামাযশেষে তিনি বলেনঃ তোমরা ইমামের অনুসরণ করবে। ইমাম বসে বসে নামায পড়ালে তোমরাও বসে বসে নামায পড়বে এবং সে দাঁড়িয়ে নামায পড়লে তোমরাও দাঁড়িয়ে নামায পড়বে। পারস্যবাসীরা তাদের নেতৃবৃন্দের ক্ষেত্রে যেরূপ করে তোমরা তদ্রূপ করো না।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81320

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন